



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



সর্বোচ্চ অগ্রাধিকার

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩০

০২ মে ২০২৩

বিষয়: বোরো সংগ্রহ কার্যক্রম'২৩ সফল করার স্বার্থে এলএসডি/সিএসডি'র সর্বোচ্চ ধারণক্ষমতার ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা

সূত্র: চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ২১.১১.২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৯১৮ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি বোরো, ২০২৩ মৌসুমে দেশব্যাপী অভ্যন্তরীণ সংগ্রহ কার্যক্রম আগামী ০৭.০৫.২০২৩ খ্রি. তারিখে শুরু হতে যাচ্ছে। এ সংগ্রহের আওতায় ৪ লক্ষ মে.টন ধান, ১২.৫০ লক্ষ মে.টন সিদ্ধ চাল ও ১ লক্ষ মে.টন গম ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বর্তমান মজুতকৃত খাদ্যশস্যের পাশাপাশি এই বিপুল পরিমাণ সংগ্রহতব্য খাদ্যশস্য গুদামসমূহে যথাযথ পদ্ধতিতে সংরক্ষণ নিশ্চিত করা প্রয়োজন।

নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সারাদেশের এলএসডি ও সিএসডিসমূহে পরিকল্পিত উপায়ে খামাল গঠনপূর্বক গুদামের সর্বোচ্চ ধারণক্ষমতা ব্যবহার করার জন্য ইতঃপূর্বে সূত্রস্থ স্মারকে পরিপত্র জারি করা হয়। উক্ত পরিপত্রের আলোকে নিম্নরূপ নির্দেশনা নিবিড়ভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো:

- (১) অভ্যন্তরীণ সংগ্রহের শুরু থেকেই চাল ও গমের প্রতিটি খামাল ১৩০-১৩৫ মে.টন এবং ধানের ক্ষেত্রে ৮৫- ৯০ মে.টন করে গঠন করতে হবে; এক্ষেত্রে নিয়মিতভাবে খামালসমূহ পরিচর্যা ও রুটিন মাসিক স্প্রে কার্যক্রম পরিচালনা করতে হবে;
- (২) সারাদেশে সকল প্রকার চলাচলসূচির আওতায় সংগ্রহতব্য খাদ্যশস্য এক কেন্দ্র হতে অন্য কেন্দ্রে প্রেরণের ক্ষেত্রে প্রাপক কেন্দ্রেও আবশ্যিকভাবে অনুরূপ সাইজের (১ নং নির্দেশনা মোতাবেক) খামাল গঠন করতে হবে;
- (৩) অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদার (আইআরটিসি)/ বিভাগীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের (ডিআরটিসি) মাধ্যমে খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য চলাচলসূচি প্রণয়ন নীতিমালা-২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ করে জেলা/বিভাগের এলএসডি/সিএসডির সর্বোচ্চ ধারণক্ষমতার ব্যবহার নিশ্চিত করতে হবে।
- (৪) উক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ স্ব স্ব অধিক্ষেত্রে নিবিড় তদারকি করে প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

উল্লিখিত নির্দেশনার ব্যত্যয় হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৫-৫-২০২৩

মোঃ জামাল হোসেন

পরিচালক

প্রাপকঃ

ফোন: +৮৮-০২-৪১০৫০৬৯৬

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/  
রাজশাহী/চট্টগ্রাম/ঢাকা
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

ফ্যাক্স: +৮৮-০২-৪১০৫০৬৯৪


ইমেইল: dmss@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭/১(৬)

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩০  
০২ মে ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা
- ৩) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৪) ব্যবস্থাপক/এসএন্ডএমও/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল).....
- ৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল).....
- ৬) অফিস কপি



৫-৫-২০২৩

মোঃ জামাল হোসেন

পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৯১৮

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৬

২১ নভেম্বর ২০১৯

**পরিপত্র**

বিষয়: এলএসডি/সিএসডির সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা।

প্রতি বছর আমন ও বোরো মৌসুমে দেশের এলএসডি, সিএসডি ও সাইলোসমূহে পর্যাপ্ত খাদ্যশস্য মজুত থাকা অবস্থায় অভ্যন্তরীণ সংগ্রহের আওতায় ধান, চাল ও গম সংগ্রহ করতে হয়। পাশাপাশি আন্তর্জাতিক সংগ্রহের আওতায় আমদানিকৃত গমও সাইলো, সিএসডি ও এলএসডিসমূহে সংরক্ষণ করতে হয়। এহেন প্রেক্ষাপটে নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সারাদেশের এলএসডি ও সিএসডিসমূহে পরিকল্পিত উপায়ে খামাল গঠনপূর্বক গুদামের সর্বোচ্চ ধারণক্ষমতা ব্যবহার করা প্রয়োজন। এমতাবস্থায় নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলোঃ

(১) অভ্যন্তরীণ সংগ্রহ ও আমদানিকৃত খাদ্যশস্যের ক্ষেত্রে প্রথম থেকেই চাল ও গমের প্রতিটি খামাল ১৩০-১৩২ মে.টন এবং ধানের ক্ষেত্রে ৮৫ - ৯০ মে.টন করে গঠন করতে হবে; তবে এরূপ খামাল গঠনের ক্ষেত্রে খামাল পরিচর্যা ও কীটনাশক প্রয়োগ কার্যক্রম যাতে ব্যাহত না হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে;

(২) সকল খামালের ক্ষেত্রেই টপ (Top) লেয়ার আবশ্যিকভাবে বস্তা দ্বারা পূর্ণ করতে হবে;

(৩) সংগৃহীত ও আমদানিকৃত খাদ্যশস্য সূচির আওতায় অন্য এলএসডি/সিএসডিতে প্রেরণ করা হলে প্রাপক কেন্দ্রেও অনুরূপ সাইজের (১ নং অনুচ্ছেদে বর্ণিত) খামাল গঠন করতে হবে;

(৪) সংগ্রহকালে বা ইনভয়েসের আওতায় বিভিন্ন সময়ে সংগৃহীত/প্রাপ্ত খাদ্যশস্য খন্ড খন্ড খামালসমূহের পরিমাণ সাপ্তাহিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার পর পরবর্তীতে উক্ত অসম্পূর্ণ খামালকে স্টান্ডার্ড খামাল করতে হবে;


(৫) সংগ্রহকালে স্বয়ংক্রিয় এবং হাফিং মিলের চাল পৃথক পৃথক খামালে সংরক্ষণ করতে হবে; খামাল গঠন শেষ হওয়ার পর উক্ত খামালের ওয়ারেন্টি নির্ধারিত হবে;

(৬) অগ্রবর্তী স্থানান্তরের সুযোগ সম্বলিত এলএসডিসমূহে স্থানীয় সংগ্রহের চাল দ্বারা পূর্ণ না হলে সেসকল এলএসডিতে আইআরটিসি/ডিআরটিসি সূচি জারি করে এলএসডি'র সর্বোচ্চ ধারণক্ষমতা নিশ্চিত করতে হবে;

(৭) জেলার পশ্চাৎবর্তী এলএসডিসমূহে খালি জায়গা থাকলে ব্যাকমুভমেন্ট পরিহার ও সরকারি ব্যয় সাশ্রয়কল্পে অন্য উপজেলার চুক্তিবদ্ধ আগ্রহী মিল মালিকগণ নিজ খরচে উক্ত এলএসডিসমূহে বরাদ্দপ্রাপ্ত চাল সরবরাহ করতে পারবে; তবে এক্ষেত্রে চুক্তিবদ্ধ উপজেলার উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা যথাক্রমে পেয়িং ও পাচোর্জিং অফিসার থাকবেন। অধিদপ্তরকে অবহিত রেখে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক এধরনের প্রস্তাব অনুমোদন করতে পারবেন;

(৮) প্রতিটি এলএসডি/সিএসডিতে ৫ থেকে ৬টি খামাল ধান সংগ্রহের জন্য আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে। ধান সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জন করার স্বার্থে সংগৃহীত ধান খামাল গঠন হওয়ার পর কারিগরি পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেকরত

মানসংকেত প্রদান করার পর খান ছাঁটাই নির্দেশনা অনুসরণপূর্বক খান ছাঁটাই করতে হবে।



ড. মোহাম্মৎ নাজমানারা খানুম  
মহাপরিচালক

বিতরণ:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২) পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, , খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৩) প্রধান মিলার,, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা;
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট;
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), .....;
- ৭) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা;
- ৮) ব্যবস্থাপক/এসএমও/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), .....;
- ৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল).....;
- ১০) অফিস কপি।